

Md. Shahriar Alam, MP  
State Minister  
মোঃ শাহরিয়ার আলম, এমপি  
প্রতিমন্ত্রী



বাণী

MINISTRY OF FOREIGN AFFAIRS  
GOVERNMENT OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
DHAKA

২১ ফেব্রুয়ারি ২০২১

আজ অমর ২১ ফেব্রুয়ারি-‘শহিদ দিবস’ ও ‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’। আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি- ১৯৫২ সালের এই দিনে বাংলাকে মাতৃভাষা হিসেবে প্রতিষ্ঠিত করার সংগ্রামে জীবন উৎসর্গকারী রফিক, সালাম, বরকত, জব্বারসহ সকল ভাষা শহিদকে।

আজকের এই দিনে আমি গভীর শ্রদ্ধার সঙ্গে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করছি। তাঁর সম্মোহনী নেতৃত্বে বিশ্ব মানচিত্রে অভ্যুদয় ঘটেছে স্বাধীন স্বার্বভৌম বাংলাদেশের। ১৯৪৮ সালের ১১ মার্চ রাষ্ট্রভাষা বাংলার দাবিতে ধর্মঘট পালনকালে বঙ্গবন্ধুকে গ্রেফতার করা হয়। তাঁর গ্রেফতারের প্রতিবাদে ছাত্র সমাজ বিক্ষোভে ফেটে পড়ে। বিক্ষুব্ধ ছাত্র সমাজের অব্যাহত আন্দোলনের মুখে ১৫ মার্চ তৎকালীন সরকার বঙ্গবন্ধুকে মুক্তি দিতে বাধ্য হয়। স্বাধীনতার পরে ১৯৭২ সালে বঙ্গবন্ধুই বাংলাকে রাষ্ট্রীয় ভাষা হিসেবে প্রতিষ্ঠিত করেন। ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের ২৯তম সাধারণ পরিষদের অধিবেশনে প্রথমবারের মত বাংলায় ভাষণ প্রদানের মাধ্যমে বঙ্গবন্ধু বিশ্বের কাছে বাংলাভাষাকে তুলে ধরেন।

আজ ‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে’ আমি বাংলা ভাষাভাষীসহ বিশ্বের সকল ভাষা ও সংস্কৃতির মানুষকে আন্তরিক শুভেচ্ছা জানাই। আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাই মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা এবং প্রবাসী বাঙালিদের প্রতি যাঁদের দেশপ্রেম ও কঠোর পরিশ্রমের ফলে ১৯৯৯ সালের ১৭ নভেম্বর জাতিসংঘের অঙ্গসংস্থা ইউনেস্কো ২১ ফেব্রুয়ারিকে ‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ হিসেবে ঘোষণা করে। ২০০০ সাল থেকে জাতিসংঘের সদস্য দেশগুলিতে যথাযথ মর্যাদায় দিবসটি পালিত হচ্ছে।

এ বছর আমরা একই সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন করছি। এই উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বঙ্গবন্ধু ও বাংলাদেশকে বহির্বিশ্বে তুলে ধরার সুযোগ সৃষ্টি হয়েছে। বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাধারণ মানুষের অর্থনৈতিক মুক্তি ও তাদের জীবন মানের উন্নয়নসহ মৌলিক অধিকার প্রতিষ্ঠার জন্য জাতির পিতার নির্দেশিত পথে অবিরাম কাজ করে চলেছেন। তাঁর যোগ্য নেতৃত্বে বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অর্থনৈতিক সমৃদ্ধি ছাড়াও দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তনবিষয়ক সমস্যা মোকাবিলা, শিশু মৃত্যুর হার কমানোসহ নানা ক্ষেত্রে বাংলাদেশ আজ বিশ্বে রোল মডেলে পরিণত হয়েছে।

আজকের এই দিনে দেশের অব্যাহত অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন এবং বিদেশের মাটিতে দেশের মর্যাদা ও সম্মান সমুল্লত রেখে কাজ করার জন্য সকল প্রবাসী বাঙালির প্রতি রইল আন্তরিক শুভেচ্ছা।

১৯৫২’র ভাষা আন্দোলন ও একাত্তরের মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন রূপকল্পসমূহ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে বঙ্গবন্ধুর ‘সোনার বাংলা’ হিসেবে গড়ে তুলবো - আসুন, আজকের দিনে আমরা সবাই এই শপথ করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,  
বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ শাহরিয়ার আলম, এমপি